

চালু হলো একাত্তরের শহীদ বুদ্ধিজীবীদের নিয়ে ওয়েবসাইট



গত ১৪ ডিসেম্বর, ২০১৭ জাতীয় মুক্তিযুদ্ধ জাদুঘরে “অম্লান সূর্যসন্তান” নামে শহীদ বুদ্ধিজীবীদের তথ্য ও ইতিহাস সম্বলিত ওয়েবসাইটের আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে।

www.intellectualmartyrsbd.com - এই ওয়েবসাইটে রয়েছে শহীদ বুদ্ধিজীবীদের ছবি, তাঁদের তথ্য, অর্জন ও মুক্তিযুদ্ধকালীন অবদান। মুক্তিযুদ্ধ জাদুঘরের সহায়তায় ও এশিয়াটিক মার্কেটিং কমিউনিকেশন লিমিটেড-এর সার্বিক তত্ত্বাবধানে এই উদ্যোগটি নিয়েছে জি-গ্যাস। জি-গ্যাস তথা এনার্জিপ্যাক এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক জনাব হুমায়ুন রশীদ হস্তান্তর করেন মুক্তিযুদ্ধ জাদুঘরের সম্মানিত ট্রাস্টি ও এশিয়াটিক মার্কেটিং কমিউনিকেশন লিমিটেড-এর চেয়ারম্যান জনাব আলী যাকের এর কাছে, যিনি উক্ত ওয়েবসাইটটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধন শেষে আলী যাকের বলেন, “দেশের এইসব সূর্যসন্তান হারিয়ে সত্যিই আমাদের অপূরণীয়

ক্ষতি হয়েছে। তাঁদের স্মৃতি ও অবদান রক্ষার্থে সবাইকে একসাথে করার একটি প্ল্যাটফর্ম গঠনের ভাবনা থেকেই এই উদ্যোগটি নেওয়া।” (changeable according to the speech) জি-গ্যাস এর ব্যবস্থাপনা পরিচালক হুমায়ুন রশীদ বলেন, “জি-গ্যাস-এর এই প্রয়াস এই প্রজন্ম এবং আগামী প্রজন্মকে জাতির অম্লান সূর্যসন্তানদের জানতে সহায়তা করবে এবং মুক্তিযুদ্ধ সম্পর্কে সবাইকে অনুপ্রাণিত করবে। সবার অংশগ্রহণে এই তথ্যভাণ্ডার আরও সমৃদ্ধ, আরো বৈচিত্র্যপূর্ণ ইতিহাসে পরিশীলিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ ওয়েবসাইটে বুদ্ধিজীবীদের সম্পর্কে কেউ চাইলেই যেকোনো তথ্য কিংবা ছবি যোগ করতে পারবে এবং মুক্তিযুদ্ধ জাদুঘর-এর সার্বিক উন্নতিকল্পে অনুদানও প্রদান করতে পারবে। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ জাদুঘর, এশিয়াটিক এমসিএল ও জি-গ্যাস এর অন্যান্য কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।